

bd24live.com
24 Hours With Bangla Bcta

ঢাকা, রবিবার, ২১ জানুয়ারি, ২০১৮ | শেষ আপডেট ২ মিনিট আগে [প্রিন্ট](#)

‘শিক্ষার্থীরা আমাদের সন্তান ও জাতির ভবিষ্যৎ’

২১ ২১, ২০১৮ ১২:১০:৫৬



আগামী ৩ বছরের মধ্যে উচ্চ মাধ্যমিক ও ৬ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ভর্তি ক্ষেত্রে জেন্ডার সমতা অর্জনে সক্ষম হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

শনিবার (২০ জানুয়ারি) দুপুরে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির মাদানি এভিনিউস্থ ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয়ের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো: আবদুল হামিদের পক্ষে তার প্রতিনিধি হিসেবে মন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

তিনি আরো বলেন, বাংলাদেশের উচ্চশিক্ষার প্রত্যাশিত মান নিশ্চিতকরণে ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোকে বিশ্বমানে উন্নীত করার জন্য সরকার গুরুত্ব দিয়ে এই সেক্টর তদারকি করছে।

মন্ত্রী বলেন, আমরা সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকারী শিক্ষার্থীদের মধ্যে কোন পার্থক্য করি না। তারা সকলে আমাদের সন্তান ও জাতির ভবিষ্যৎ। এখনো কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় তাদের নূন্যতম শর্ত পূরণ করতে পারিনি। এভাবে তারা বেশীদিন চলতে পারবে না।

শিক্ষামন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণে, সেবার মনোভাব ও শিক্ষার জন্য এগিয়ে আসার আহ্বান করেন।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর(ডেজিগনেট) অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমান শিক্ষার্থীদের ভালো মানুষ হওয়ার পাশাপাশি সমাজ ও দেশের মানুষের কল্যাণে নিজেদেরকে আত্মনিয়োগ করার আহ্বান জানান।



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের ভাইস চেয়ারম্যান ফরিদুর রহমান খান ইউনিভার্সিটির ৫ম সমাবর্তন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সভাপতি, বিশেষ অতিথি, সমাবর্তন বক্তা, বিশ্ববিদ্যালয় ডীন, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক ও আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

সমাবর্তন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান, সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য রাখেন বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস।

সমাবর্তন অনুষ্ঠানে ৯৬২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য ৪ জন শিক্ষার্থীকে স্বর্ণপদক দেওয়া হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ এর চেয়ারম্যান হাসান মাহমুদ রেজা।

বিডি২৪লাইভ/এএইচআর

বিডি টুয়েন্টিফোর লাইভ ডট কম’র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

bd24live.com
24 Hours With Bangla Bcta

© 2016 BD24Live.com - Developed by **Primex Systems**

বার্তা সম্পাদক: মাসউদুর রহমান
বিডি২৪লাইভ মিডিয়া (প্রাঃ) লিঃ,
বাড়ি # ৩৫/১০, রোড # ১১, শেখেরটেক,
মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭
ই-মেইলঃ info@bd24live.com

বার্তা প্রধান: ০১৮৬৩৭১৯৮২৮
নিউজ রুম: ০১৭১৬২০২৪৩৪
মফস্বল ডেস্ক: ০৪৪ ৭৮৯৯৯৯৫০
বার্তা মেইলঃ
office.bd24live@gmail.com